

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
পলিসি শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.৫৪

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৭

০৬ জুন ২০২০

বিষয়: বর্তমান করোনা পরিস্থিতিতে আইসিটি বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে চালুকৃত 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ ব্যবহারের উদ্যোগ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোভিড -১৯ নামক করোনা ভাইরাস বৈশ্বিক দুর্যোগ হিসেবে সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। বাংলাদেশেও ক্রমান্বয়ে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা এবং মৃত্যুর হার- দুটোই বৃদ্ধি পাচ্ছে। সারাদেশে করোনা ভাইরাসের বিস্তার রোধে নাগরিকদের জন্য আইসিটি বিভাগ 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ তৈরি করেছে। গত ৪ জুন ২০২০ তারিখ অনলাইন প্ল্যাটফর্ম জুম-এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি অ্যাপটি উদ্বোধন করেছেন। যা প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।

২। উল্লেখ্য যে, স্বাস্থ্য অধিদপ্তর, আইইডিসিআর, এটুআই, এসডিএমজিএ ও সহজ লিমিটেড-এর সহযোগিতায় তৈরিকৃত অ্যাপটি করোনা পজিটিভ ব্যক্তিদের শনাক্ত করার চেষ্টা করবে এবং পারস্পারিক সংস্পর্শে আসা ব্যক্তিদের ঝুঁকি সম্পর্কে অবহিত করবে। এক-দুই মিটারের মধ্যে থাকা করোনা ভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের হিন্দ্রিগুলো ডাটাবেজে পাঠাবে। কেউ যদি আক্রান্তের কাছাকাছি চলে যায় তাহলে সে স্মার্টফোনে অ্যালার্ট ম্যাসেজ পাবে। এছাড়া সংস্পর্শে আসা ব্যক্তির যদি কয়েক দিন পরও করোনা পজিটিভ হয় তাহলেও স্মার্টফোন থেকে সতর্কবার্তা পাওয়া যাবে। স্মার্টফোন থেকে (<https://play.google.com/store/apps/details?id=com.shohoz.tracer>) এই লিংকে ক্লিক করে অ্যাপটি ডাউনলোড করা যাবে।

৩। এমতাবস্থায়, উক্ত অ্যাপটি তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহারের নির্দেশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৬-৬-২০২০

মোছাঃ শিরিন সবনম

উপসচিব

সিনিয়র সচিব/সচিব (সকল)।

ফোন: ০২-৫৫০০৬৮৭৪

ইমেইল: sheren15990@gmail.com

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.৫৪/১(৩)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৭

০৬ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৬-৬-২০২০

মোছাঃ শিরিন সবনম
উপসচিব

জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
www.kgdcl.gov.bd, কেজিডিসিএল.বাংলা

স্মারক নম্বর: ২৮.১৫.০০০০.২০৪.৯৯.০১০.১৯.৩৩৩

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রেরিত উপর্যুক্ত পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১১-৬-২০২০

মোঃ ফিরোজ খান

মহাব্যবস্থাপক (প্রশাসন)

- ১) মহাব্যবস্থাপক (সকল), কেজিডিসিএল, চট্টগ্রাম [অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ প্রেরিত]।
- ২) উপ-মহাব্যবস্থাপক (সকল), কেজিডিসিএল, চট্টগ্রাম [অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ প্রেরিত]।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), বিতরণ-দক্ষিণ ডিপার্টমেন্ট, কেজিডিসিএল, চট্টগ্রাম [অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ প্রেরিত]।
- ৪) ব্যবস্থাপক (সকল), কেজিডিসিএল, চট্টগ্রাম [অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ প্রেরিত]।

স্মারক নম্বর: ২৮.১৫.০০০০.২০৪.৯৯.০১০.১৯.৩৩৩/১

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১১-৬-২০২০

মোঃ লুৎফুল করিম চৌধুরী

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ডিপার্টমেন্ট)